গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
সুনামগঞ্জ।

স্মারক নং-সিজেএম/সুনাম/প্রশাঃ ৩৪৭

তারিখ ঃ ১৩ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮/০৯/২০২৬ খ্রিঃ

**বিষয় ঃ অধস্তন আদালতের রায় ও আদেশের অনুলিপি অনলাইন পোর্টালে (http:/decision.bdcourts.gov.bd) প্রকাশ প্রসঙ্গে।**

**সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিজ্ঞপ্তি নং-২৬, তারিখ-১৭/১১/২০২২ খ্রিঃ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে এই মর্মে অবহিত করা যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ অনুমোদনক্রমে দ্রুততম সময়ে, সহজে ও স্বল্প খরচে বিচার সেবা প্রদানের লক্ষ্যে অবাধ (বিচার সংক্রান্ত) তথ্য প্রবাহ ও বিচার-প্রক্রিয়ায় অভিগম্যতা নিশ্চিতকরণসহ 'টেকসই বিচার' প্রতিষ্ঠার অভিপ্রায়ে একটি ওয়েবসাইট বালাদেশের সুপ্রীম কোর্টের তত্ত্বাবধানে (http:/decision.bdcourts.gov.bd) প্রস্তুত করা হয়েছে। বিচার বিভাগীয় স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং বিচারপ্রার্থী জনগণের ভোগান্তি লাঘবের লক্ষ্যে এবং বিচার সেবা প্রাপ্তিতে ব্যয় ও দুর্ভোগ হ্রাস করে দেশের প্রান্তিক মানুষের দোরগড়ায় ন্যায়বিচারের সুফল দ্রুত পৌছে দিতে এবং আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের টেকসই উন্নয়নে বিশেষ ভূমিকা রাখার উপর গুরুত্বারোপ করেন। সেই উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর মহামান্য হাইকোর্ট বিভাগের সূত্রোক্ত বিজ্ঞপ্তিমূলে দেশের সকল অধস্তন আদালতের রায় ও আদেশের অনুলিপি আইনানুগ যৌক্তিকতা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধির জন্য অনলাইনে প্রকাশ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সুনামগঞ্জ জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের আওতাধীন সকল আদালতের রায় ও আদেশের অনুলিপি প্রচারের দ্রুততম সময়ের মধ্যে উপরোক্ত ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো ।

স্বাক্ষরিত/-
(মোঃ হাবিবুর রহমান চৌধুরী)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
সুনামগঞ্জ।

স্মারক নং-সিজেএম/সুনাম/প্রশাঃ ৩৪৭(৯৭)/২৫

তারিখ ঃ ১৩ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮/০৯/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির নিমিত্তঃ
১। মাননীয় জেলা ও দায়রা জজ, সুনামগঞ্জ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)।
১। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
২। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
৩। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ। (সকল)
৪। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ধর্মপাশা চৌকি আদালত, সুনামগঞ্জ।
৫। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ। (সকল)
৬। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, সুনামগঞ্জ।
৭। বিজ্ঞ সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবি সমিতি, সুনামগঞ্জ।
৮। কোর্ট ইন্সপেক্টর, সুনামগঞ্জ।
৯। অফিস কপি।

(মোঃ আজহারুল ইসলাম)
প্রশাসনিক কর্মকর্তা
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
সুনামগঞ্জ।